



‘একাউন্টিং এলামনাই এসোসিয়েশনের পুনর্মিলনী ২০১৮’ অনুষ্ঠিত



‘এসো মিলি প্রাণের টানে’ স্লোগানকে সামনে রেখে ২ নভেম্বর-২০১৮, শুক্রবার সকাল ১১:০০টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের এলামনাই এসোসিয়েশনের উদ্যোগে ‘Accounting Alumni Get Together-2018’ অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবন চত্বরে অনুষ্ঠিত হয়। জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন এবং বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এসময় উপাচার্য মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার পক্ষের এলামনাইরা এই এসোসিয়েশনের নেতৃত্ব দিবে আশাবাদ ব্যক্ত করেন।



অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া বক্তব্য প্রদান করেন। পুনর্মিলনী কমিটি-২০১৮ এর আহ্বায়ক ও একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. লিয়াকত হোসেন মাহমুদ এর সভাপতিত্বে স্বাগত বক্তব্য প্রদান করেন বিভাগের অধ্যাপক ড. মোহাঃ আলী নূর। এসময় ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শওকত জাহাঙ্গীর উপস্থিত ছিলেন।

এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম বিভাগের বিভিন্ন ব্যাচের এলামনাইরা শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ও ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়াকে বিশেষ সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। এসময় 'স্মৃতিআলেখ্য' নামক বিশেষ স্মরণিকা মোড়ক উন্মোচন করা হয়।

অনুষ্ঠানের শেষ পর্বে বেলা ৩টায় বিজ্ঞান ভবন চত্বরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে। সাংস্কৃতিক অনুষ্ঠানের মূল আকর্ষণ হলো জনপ্রিয় ব্যান্ড দল 'মাইলস'-এর পরিবেশনা। এসময় একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম বিভাগের শিক্ষক ও এলামনাইরা উপস্থিত ছিলেন।